

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রতিরক্ষা মন্ত্রণালয়  
গণভবন কমপ্লেক্স  
শেরেবাংলা নগর, ঢাকা  
[www.mod.gov.bd](http://www.mod.gov.bd)

নম্বর-২৩.০০.০০০০.০৭০.১২.০০৫.১৫/৫৩৬

তারিখ: ১৫ পৌষ ১৪২৩  
২৯ ডিসেম্বর ২০১৬

প্রজ্ঞাপন

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ সমরাস্ত্র কারখানার সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নবর্ণিত ১(এক) জন পার্সোনেল অফিসার (৯ম গ্রেড) এবং ১(এক) জন উপসহকারী প্রকৌশলী (১০ম গ্রেড)-কে যথাক্রমে সহকারী ব্যবস্থাপক এবং সহকারী প্রকৌশলী পদে পদোন্নতি প্রদানের লক্ষ্যে ২৯ ডিসেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটির সভার সুপারিশের পরিপ্রেক্ষিতে তাঁদের নামের পাশ্বে উল্লিখিত পদে বর্ণিত শর্ত সাপেক্ষে পদোন্নতি প্রদান করা হলো:


ক্রঃ নং	ব্যক্তিগত নম্বর, পদবী ও নাম	পদোন্নতিপ্রাপ্ত পদের নাম	জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী বেতনস্কেল ও গ্রেড
১	ব্যক্তিগত নম্বর ১০৯৬, পার্সোনেল অফিসার বেলাল হুসাইন	সহকারী ব্যবস্থাপক	২৩০০০-৫৫৪৭০/- (৮ম গ্রেড)
২	ব্যক্তিগত নম্বর ১০৬৭, উপসহকারী প্রকৌশলী মোঃ রমজান আলী	সহকারী প্রকৌশলী	২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড)

শর্তাবলী:

- (ক) বাংলাদেশ সমরাস্ত্র কারখানা (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০২ অনুযায়ী কর্মকর্তাগণ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে ১ (এক) বছরের জন্য শিক্ষানবিস হিসাবে থাকবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ শিক্ষানবিসকাল এরূপ সম্প্রসারণ করতে পারবেন, যাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২(দুই) বছরের অধিক না হয়।
- (খ) শিক্ষানবিস থাকাকালে তাঁদের আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য দক্ষতা অর্জন করতে না পারলে কোন কারণ দর্শানো ছাড়াই কর্তৃপক্ষ তাঁকে পূর্বপদে প্রত্যাবর্তন করতে পারেন।
- (গ) শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে শেষ হওয়ার পর নিয়োগ বিধিমালার ৬(৪) বিধানমতে তাঁদেরকে চাকরিতে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
২৩. ১২. ১৬

মোঃ সফিকুল আহম্মদ  
যুগ্মসচিব

ফোনঃ ৯১১২২৩২

প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। কমান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস, গাজীপুর।
- ২। অর্থ নিয়ন্ত্রক (বিওএফ), গাজীপুর সেনানিবাস, গাজীপুর।
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়  
(সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। জনাব -----  
সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস, গাজীপুর।